দৈনিক খবর

তারিখ ... 11 JUN 1990
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৮

# গফরগাঁওয়ে আলিম ও ফাজিল পরীক্ষায় ৮১ জন বহিষ্কৃত

গফরগাঁও, ১০ই জুন (নিজস্ব সংবাদদাতা)।- বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের চলতি আলিম-ফাজিল পরীক্ষায় গফরগাঁও জে.এম সিনিয়র মাদ্রাসা কেন্দ্রে এ পর্যন্ত ৮১ জন পরীক্ষার্থীকে নকল করার দায়ে বহিষ্কার করা হয়েছে। এ সময় একজন বয়স্ক পরীক্ষার্থীকে বহিষ্কার করে ১শ' বার কান ধরে উঠবসা করানো হয়।

গত ৪ঠা জুন গফরগাঁও উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে উপজেলা পর্যায়ের কয়েকজন কর্মকর্তা পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হয়ে নকলের দায়ে ৫১ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করে। একই সময়ে দৌলতপুর সিনিয়র মাদ্রাসার প্রায় ৫০ বছর বয়স্ক একজন আলিম পরীক্ষার্থীকে বহিষ্কার করে। পরে তাকে কয়েক হাজার লোকের উপস্থিতিতে মাথার টুপি খুলে মাদ্রাসা মাঠে কান ধরে উঠবসা করানো হয়। এছাড়া অন্যান্য বহিষ্কৃত পরীক্ষার্থীদের মারধোর করে। এতে স্থানীয় জনমনে দারুণ প্রতিক্রিয়ার সৃষ্টি হয়।

উল্লেখ্য, উক্ত বয়স্ক এই পরীক্ষার্থী অতিরিক্ত জ্ঞান অর্জনের জন্য পরীক্ষায় অংশ নিয়েছিল। উক্ত কেন্দ্রে ৫২১ জন ছাত্র-ছাত্রী পরীক্ষায় অংশ নিয়েছে।

05